ডিএমপির সাবেক এডিসি নাজমুল ইসলাম বরখাস্ত



এডিসি নাজমুল। ছবি: সংগৃহীত

দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকা ও দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সাবেক অতিরিক্ত উপপুলিশ কমিশনার (এডিসি) মো. নাজমুল ইসলামকে চাকরি থেকে বরখাস্ত করেছে সরকার। তাঁর বরখাস্তের আদেশ ২০২৫ সালের ২৩ এপ্রিল থেকে কার্যকর করা হয়েছে।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই করা প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়।

প্রজ্ঞাপন অনুযায়ী, ২০২৫ সালের ৬ এপ্রিল নাজমুল ইসলাম বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছিলেন। ১৮ থেকে ২২ এপ্রিল পর্যন্ত ছুটি কাটাতে ১৭ এপ্রিল কর্মস্থল ছাড়েন তিনি। ২৩ এপ্রিল কাজে ফেরার কথা থাকলেও এরপর আর যোগ দেননি।

কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় এবং ব্যক্তিগত হোয়াটসঅ্যাপে একাধিকবার নোটিশ পাঠানো হয়। তবে কোনো নোটিশের লিখিত জবাব দেননি তিনি। ঊর্ধ্বতন কর্মকর্তাদেরও অনুপস্থিতির কারণ জানাননি।

এ ঘটনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি অনুযায়ী তাঁর বিরুদ্ধে অসদাচরণ ও পলায়নের অভিযোগ আনা হয়। ২০২৫ সালের ২৩ জুলাই পুলিশ অধিদপ্তর থেকে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়। পরে ১৪ আগস্ট তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা করা হয়।